বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
**ক্রেডিট বিভাগ**

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd

প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৫)/রুমাবি-৩৫৫/২০২৩-২৪/ ৩২৯ (১২৫০) তারিখঃ ১২/০৯/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর অগ্রগতি প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ১০/০৮/২০২৩ তারিখের পত্র নং ৩৬৫(১২৫০) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উক্ত পত্রে নির্ধারিত সময়সীমার মধ্যে ৫.০০ লক্ষ টাকা ও তদূর্ধ্ব মঞ্জুরিকৃত নতুন ও পুরাতন সকল ঋণ কেইসসমূহের তথ্য যথাযথভাবে ডাটা এন্ট্রি/স্ক্যান করে সফটওয়্যারে আপলোড করার নির্দেশনা অনুযায়ী ৩২৩১টি ঋণ পোর্টালে আপলোড করা হয়েছে মর্মে উল্লেখ করা হয় যা লক্ষ্যমাত্রার ৯.১৯ ভাগ মাত্র। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন আশানুরূপ নয় এবং উক্ত কার্যক্রমে গতিসঞ্চার হচ্ছে না উল্লেখপূর্বক প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করে ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে কার্যক্রমটির পূর্ণাঙ্গ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য পূর্বোক্ত পত্রে অনুরোধ জানানো হয়।

০৩। গত ২০/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত বিকেবি রিস্ক ম্যানেজম্যান্ট কমিটির ৩৬তম ত্রৈমাসিক সভা এবং ২৯/০৮/২০২৩ তারিখের ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিটের সভার সিদ্ধান্তের আলোকে ৫.০০ লক্ষ টাকা ও তদূর্ধ্ব ঋণকেইস সমূহের তথ্য আপলোডের বর্ধিত সময়সীমার মধ্যে (৩০ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত) ঋণকেইসসমূহের তথ্য আপলোড কার্যক্রমটি অবশ্যই সম্পন্ন করতে হবে। ০৫/০৯/২০২৩ তারিখ ভিত্তিক ওয়েব পোর্টাল থেকে প্রাপ্ত আলোচ্য বিষয়ে অত্র ব্যাংকের বিভাগওয়ারী অগ্রগতির সার্বিক অবস্থা নিম্নরূপ ঃ

(প্রকৃত সংখ্যায়)

| ক্রঃ নঃ | বিভাগ | ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর জন্য ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য | | | |
|---|---|---|---|---|---|
| | | বিতরণকৃত মোট ঋণ কেইস এর সংখ্যা (লক্ষ্যমাত্রা) | আপলোডকৃত ঋণ কেইস এর সংখ্যা | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার | আপলোড করা হয়নি এমন ঋণকেইসের সংখ্যা |
| ১ | ঢাকা | ১১৩১০ | ৫৪২ | ৪.৭৯% | ১০৭৬৮ |
| ২ | ময়মনসিংহ | ৬৮০৪ | ৬৯৮ | ১০.২৬% | ৬১০৬ |
| ৩ | চট্টগ্রাম | ৩১৪২ | ৩৩০ | ১০.৫০% | ২৮১২ |
| ৪ | খুলনা | ৩৭১০ | ৬৭৯ | ১৮.৩০% | ৩০৩১ |
| ৫ | বরিশাল | ৯৫৪ | ৩২৬ | ৩৪.১৭% | ৬২৮ |
| ৬ | সিলেট | ২০৯০ | ৫৪৬ | ২৬.১২% | ১৫৪৪ |
| ৭ | কুমিল্লা | ৪৯৭৪ | ৩০৭ | ৬.১৭% | ৪৬৬৭ |
| ৮ | ফরিদপুর | ২৪৭৭ | ৪০২ | ১৬.২৩% | ২০৭৫ |
| ৯ | কুষ্টিয়া | ৪০৪৬ | ৬২২ | ১৫.৩৭% | ৩৪২৪ |
| ১০ | এলপিও | ৭৫ | ১৪ | ১৮.৬৭% | ৬১ |
| মোট | | ৩৯৫৮২ | ৪৪৬৬ | ১১.২৮% | ৩৫১১৬ |

*** উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, ০৫/০৯/২০২৩ তারিখ ভিত্তিক আপলোডকৃত ঋণকেইসের সংখ্যা ৪৪৬৬টি যা নির্ধারিত লক্ষ্যমাত্রার (৩৯৫৮২টি) ১১.২৮% মাত্র। কোন বিভাগই নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। তন্মধ্যে ঢাকা, কুমিল্লা, ময়মনসিংহ ও চট্টগ্রাম বিভাগের অর্জন গড় অর্জনের চেয়েও কম।**

চলমান পাতা-০২

**বিষয় ঃ <u>৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর অগ্রগতি প্রসঙ্গে।</u>**

০৪। এমতাবস্থায়, ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর বিষয়ে অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এবং বাংলাদেশ কৃষি ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক উল্লেখিত কার্যক্রমটি নির্ধারিত সময়সীমা অর্থাৎ ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হলো। সেই সাথে অগ্রগতির তথ্যাদি মাসান্তে পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে অত্র বিভাগে নির্ধারিত ছকে প্রেরনের জন্য পুনরায় অনুরোধ করা হলো। উপর্যুক্ত কার্যক্রমে কোনরকম অনীহা বা শৈথিল্যতা প্রদর্শন করা হলে উদ্ভুত ঝুঁকির দায় সংশ্লিষ্ট সকলের উপর বর্তাবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯

প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৫)/রুমাবি-৩৫৫/২০২৩-২৪/ ১১২৯ (১২৫৩) তারিখঃ ১২/০৯/২০২৩

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১,২,৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **<u>উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।</u>**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার )
<u>সহকারী মহাব্যবস্থাপক</u>